বেদান্ত-তত্ত্বসারঃ

(শীভায্যোদ্ধৃত-সংক্ষিপ্ত-বিচারপরঃ)

শ্রীমদ্রামানুজাচার্য্য-বিরচিতঃ।

গোড়ীয়-ভাষ্যান্তৰ্গত-গোড়ীয়-ভাষান্ত্ৰাদ-সহিতঃ।

শ্রীমদ্গোড়ীয়-সম্প্রদায়ৈক সংরক্ষক পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্ষ্যাষ্টোত্তরশতশ্রী-

শ্রীমন্তক্তিসিদ্ধান্ত-সরস্বতী=গোস্বামি-সম্পাদিতঃ।



শ্রীগোড়ীয়-মঠতঃ

<u>জীকুঞ্চনিহারিনিদ্যাভূমণাচার্যাজ্রকের</u>

প্রকাশিত্রশ্চ

শ্রীতৈত্যপ্রকটিতাব্দাদয়: ৪৪০।৪

কলিকাতা-বিশ্ব বিভাগেয়ন্ত বি, এ, ইত্যুপান্থেন বিভাভূষণোপনায়। শ্রীচৈতন্তমঠান্ত স্যুধিকারিণা শ্রীমদনন্ত-বাস্থদেব-ব্রহ্মচারিণা ২৪৩/২নং আপার সার্কিউলার ব্যোড্স্থ শ্রীগোড়ীয়প্রিণিটং ওয়ার্কস্ইত্যাখ্যায়ে মুদ্রিতঃ।

উপোদ্যাত

ভারতীয় প্রাচীন দর্শনশাস্ত্র—সাধারণতঃ ছয়ভাগে বিভক্ত;—স্তায়, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল, পূর্ব ও উত্তর্গ নিমাংসা। ভারতীয় ধর্ম্মান্তর্লায়ের সৌধাবলীর সকলই ন্নোধিক বেদাস্ত-দর্শন-ভিত্তিতেই প্রতিষ্ঠিত। যদিও শালা সিংহের সম্প্রদায় সাংখ্য দর্শনের এবং জৈন ও ক্সান্ত বিশেষ বিশেষমতবাদ সাংখ্য ও পাতঞ্জল দর্শনের সহিত গৌণভাগে সংশ্লিষ্ট এবং কতিপয় মৃতবাদ আবার স্থায় ও বৈশেষিক বিশ্বত দর্শনের, তথাপি পঞ্চোপাসক-সম্প্রদায় বেদাস্ত বা উত্তর মীমাংসার অধিকার প্রকাশভাবে অতিক্রম করেন, নাই।

উত্তর-মীমাংসা বা বেদাস্ত-দর্শন অতি-পুরাকালে ক্ষীণকায় থাকিলেও ভারতীয় অপরাপর দার্শনিক-মত-প্রচার-কালে স্ব্রাণেকা পৃষ্ঠ ও সমৃদ্ধ ইয়াছে। কর্মান্দী, পারাশর্য্য ও ভিক্তুস্ত্রাদি বর্ত্তমানকালে ত্বপ্রাপ্য ইইলেও ঐগুলিই বেদাশাদিনর আকর-গ্রন্থরূপে গৃহীত হয়। ওড়ুলোমী, আমারথ্য, বাদুরি, বাদুরায়ণ, জৈমিনি, কাফাজিনি, আত্রেয়, কাশক্ষণ প্রস্তুতির বিচারপ্রণালীর সহিত সাংখ্যাদি দার্শনিক মতের সমালোচনা বেদাস্ত্রস্ত্রের শারীরিক স্থোলার সৃষ্ধিন করিয়াছে।

বেদপ্রারম্ভ কর্মফলভোগ্নুলে পূর্বমীমাংসা ও নৈকর্মারূপ বেদের চর্মাধিষ্ঠানেই 'বৈদান্ত'। সম্প্রদায়-বিশেষে 'বেদান্ধ' শব্দের বিভিন্ন অর্থ ও পারিভাষিক-বিচার পৃথগ্ভাবে গুহীত হইয়াছে। আমরা সেই সকল বিবদমান সভ্যর্থের মধ্যে এছলে প্রবৃত্ত না হুইয়া ইহাই বলিতে পারি যে, শ্রোতপন্থাকে মুখে স্বীকার করিয়া অশ্রোত-দর্শনাভান্তরে প্রত্যক্ষ-স্কুমানাদি দারা শ্রোতপন্থা আছের ও বিক্ষিপ্ত করিবার যে প্রয়াস দেখা যায়, তাহা বেদান্ত-দর্শনের অন্থ্যাদিত নহে। শ্রোতপ্রধান্ধ অনুস্বনে প্রত্যক্ষান্ত্যান্দির সহযোগিতা আছে বটে, কিন্তু প্রত্যক্ষান্ত্যানাদি কথনই শ্রোতবিচারকে স্ব-স্থ আনুগ্রে প্রতিষ্ঠিত করিতে সমর্থ নহে।

বেদান্ত-দর্শনের মধ্যে ও দৃষ্টিভেদে এই বৈষশ্য লক্ষিত হয়। নির্ধিশেষ-দৃষ্টিপর সাম্প্রনায়িকগণ বহিঃপ্রজ্ঞার বহুমানন করিতে গিয়াঁ প্রৌতপছাকেও বৌদ্ধ-অর্হতাদির নিচান্ধের অন্তর্গামী করাইয়াছেন এবং তাহাই 'উদারতা' ও 'জনপ্রিমতা' বিলিয়া সাধারণ্যে প্রচার করিয়াছেন। এই বিচারের প্রতিক্লে শ্রীবিষ্ণুস্থামী, শ্রীনিম্বার্ক, শ্রীরামান্থর ও শ্রীমধ্যপ্রমাণ বৈদান্তিকগণ শ্রোতপত্থা সংরক্ষণে যেরূপ সেবা করিয়াছেন, তাহাই ভাগবতগণের অন্তর্গলে ভগবংসেবার 'সোপান' না 'সাধন'। তত্ত্বস্তুকৈ 'নির্ধিশেষ' বলিতে গিয়া তত্ত্বের বিশেষত্ব সংহার করিলে সংস্থাপকের অন্তিত্বের মর্য্যাদা আনাম হয়,—এই সহজ তত্ত্ব হাহারা বৃঝিতে অসমর্থ, তাঁগদের জন্ম শ্রোত-তত্ত্বের প্রবর্ত্তন 'গুভাকাজ্ঞা' ব্যতীত আর কিছুই নছে। এই কারণেই চিন্চিৎ-সমন্বর্গাদ-প্রবর্ত্তকগণের বিচারপ্রণালীর সন্ধীর্ণতা দেখাইবার জন্ম এই 'বেদান্ততত্ত্বনার'-গ্রাধের অবতারণা ৯

এই স্থায়তনী পুতিকার লেখকস্ত্রী আমরা জানিতে পারি যে, বিশিষ্টাছৈতবাদ-প্রচারক শ্রীরামামুজাচার্য্য স্থাং এই গ্রন্থ লিপিবদ্ধ করিয়াছেন। কেহ কেহ বলেন, পরবর্ত্তিকালে শ্রীরামামুজীয় জনৈক আচার্য্য ইহার সঙ্কলন-কর্তা। যাহা হউক, শ্রীরামামুজালায়— বিপুলায়তন গ্রন্থ , তাহার সংক্ষিপ্ত দার ইহাতে পাওয়া যায়। নির্কিশেষবাদীর বিচারপ্রণালী যে জাসবতগণের গ্রহণীয় নহে, তদমুকুলে তর্কনিষ্ঠ হৃদয়ের ভ্রমাপনোদন-কল্পে পাঠকগণ বেদান্থতব্দার লাভ করিবেন, সন্দেহ নাই। গৌড়দেশে কেবলাছৈত বিচারপ্রণালীর প্রভূত বিস্তার হওয়ায় ঐ প্রণালীদারা শুদ্ধ ভগবদমুশীলন নান'প্রকারে বাধা প্রাপ্ত হইয়াছে। স্কতরাং পরমার্থ প্রদারের উদ্দেশে ভক্তির অনুকূল বিচারগ্রন্থ স্থামারক স্কল উৎপন্ন করিবে,—আশায় এই গ্রন্থ সানুবাদ প্রকাশিত হইল।

গ্রন্থকাশ-কার্য্যে স্থদর্শনবাচস্পতি পণ্ডিত শ্রীযুক্ত শচীক্রচক্র দেবশর্মা কাব্য-ব্যাকরণ-দর্শন-সাংখ্য-বেদাস্ত-পঞ্চতীর্থ স্ক্রেশয় ও পণ্ডিত শ্রীমান্ স্কুলরানন্দ বিভাবিনোদ বি এ বিপুল পরিশ্রম করিয়াছেন; তাঁহারা—বিশেষ ধ্রুবাদের পাত্র।

গ্রন্থমধ্যে আমরা নির্কিশেষ-বাদের শাখোপশাখারপ মায়ালীকার-বাদ, অধ্যারে।প-বাদ, বাধিতালুর তিবাদ, মিথ্যাজ্দর্শনবাদ, ব্লশ্বর প্রের অবিভাতিরোহিতজ্বনাদ, আরোদবিষয়ের অসতাজ্বনাদ, ব্যবহারিকসন্তা-বাদ, অব্দুছ্দ-বাদ, ব্রন্ধের জীবাপত্তি-বাদ, 'আভাদু' দুক্ষের প্রতিবিধার্থ-বাদ, পরমেশ্বর ও জীবের স্বরূপেকত্ব-বাদ, প্রতিবিধ্ব-বাদ, জীব ও ব্রন্ধের অর্জনিকত ভেদবাদ এবং অসদ্ভ্রণোপাসন-বিধি-বাদ স্পৃত্রভাবে খণ্ডিত হইয়াছে, দেখিতে পাই এবং স্বিশেষ-বাদের শাখোদ-শাখারপু ব্রন্ধের সূর্ত্রিশেষজ্ব, মায়া এ তৎকার্যোর পার্মার্থিকজ্ব, বিশিষ্টের অধিতীয়জ্ব, পরমেশ্বর ও জীবের পূর্ণজাংশজ্ব, পর্যন্ত ও জীবের সার্গ্র্যান্ত আইর্যাক্তর, ত্রনানের কল্যাণভালগাকরজ্ব স্ক্রেচিদ্বিশিষ্ট-ভগবানের কারণজ্ব, ব্রন্ধের ভিনার্থজ্ব বিশ্বনিক শাল্প-ব্রন্ধ্র তিপাদক-বিবদ্যান-শ্রুতিবাক্যের সামজ্বসমূথে ব্রন্ধের একজ্ব স্থাপিত ও সাধিত 'হইয়াছে। জীবি ও জগতের 'নিমিন্ত' ক'উপাদান' কারণরূপে ভগবানের স্বর্যান্ত্রবিভবে পার্মার্থিকগণের বাস্তব-বিচার; প্রস্থাত্তির মায়াবাদিগর্গ ভগবিত্তির বিদ্যা গ্রহণ করেন; কিন্ত শ্রেণাতিবিচারক—তজ্জপবৈভবের নিত্যাধিষ্ঠানের নিত্যোপ্রান্ধিনিক।

শ্রীপ্রকগোরাকো জয়তঃ

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিতঃ

বেদান্ত-তত্ত্বসারঃ

"সদেব সোন্যোদমগ্র আসীদেকমেবাদিতীয়ং ব্রুল্য" (ছাঃ ৬।২।১)ইত্যক্রাদিতীয়শকেন সজাতীয়াদি-ভেদ-শৃত্যাঙ্গীকারে কথং তাদৃশস্ত জগদ্ব্যাপারঃ। মায়াজীকারেণেতি চেৎ,কিং তদানীং নির্বিশেষ-জ্ঞান-মাত্র-স্বরূপং ব্রহ্ম মায়াতিষ্ঠতীতি জানাতি ন বা। জানাতি চেৎ জ্রানুক্রপ্রাক্ত ভাতৃত্বম্। ন জানাতি চেৎ অজ্ঞহাৎ কথমঙ্গীকরোতি। অপি চ ষৎকিঞ্চি-চ্ছজিযোগেন মায়াঙ্গীকারানস্তরমভ্যুপেয়তে ভবন্তিঃ, তৎপূর্ববং মায়াঙ্গীকারানস্তরমভ্যুপগমে নির্বি-শেষত্বহানিঃ। কিঞ্চ তদানীং কিং মায়া-বিলক্ষণং ব্রহ্ম, উতাবৈলকণ্যেন মায়াত্মকম্। মদি বিলক্ষণং বস্ততঃ

পরিচেছদাদনন্তবং ত্রন্ধানে স্থাৎ। অথ মায়াত্মকং তর্গুঙ্গীকারবচনং নিরর্থকং ''সত্যং জ্ঞানমনন্তং ত্রন্ধা" ইতি (তৈঃ ২০১) লক্ষণবাক্যমপ্যপার্থং স্থাৎ, সজাতীয়-বিজাতীয়-ব্যার্ত্যর্থং হি লক্ষণন্, তদন্যানিষ্ঠ-ত্রিষ্ঠ-ধর্ম্মবোধো হি নান্থা॥ ১॥

নমু শিয়োপদেশার্থমধ্যারোপাপবাদ-ভায়েনেদমুচ্যতে, "অসর্পভূতায়াং রজ্জী সর্পারোপবদ্
বস্তুত্যবস্থারোপো২ধ্যারোপঃ, বস্তু সচ্চিদানন্দাদ্বয়ং
ত্রন্ম, অজ্ঞানাদি সকলজড়সমূহোহবস্তু
অজ্ঞানস্তু সদসভ্যামনির্ববচনীয়ং ত্রিগুণাত্মকং

অনুবাদ

ছানোগ্য উপনিষদে (৬২।১) উদালক পুত্ৰ-খেতকেতুর প্রতি তত্ত্ব্যান উপদেশপ্রাপদে বলিয়াছেন যে—"হে বংস! এই পরিদৃশ্যমান্ জগৎ স্থান্তির পূর্বে একমাত্র সংস্করপ ব্রহ্মই অবস্থিত ছিলেন। তিনি 'এক' অর্থাৎ তত্ত্যতীত আর কিছুই ছিল না, তাঁহার সমান ও অধিক কেহ নাই বলিয়া তিনি অন্বিতায়।" এই স্থলৈ মানাবাদিগণ 'অন্বিতীয়' শক্ষারা সজাতীয়, বিজাতীয় এবং স্থগত—এই ত্রিবিধভেদশ্য ব্রহ্মের নির্দেশ করিয়াছেন গ এখন আপত্তি এই যে, তাদৃশ অর্থাৎ সজাতীয়াদিভেদ্ধ-রহিত ব্রহ্মের জগং রচনা কিরূপে সম্ভব হইতে পারে ? যদি বল, মাধাকে স্বীকার করিয়া রচনা সম্ভব-পর তাহা হইলে আপত্তি এই যে; তোমার মতে নির্দ্ধিশেষ জ্ঞানমাত্রই ব্রহ্মের স্বরূপ এইরূপ যে ব্রহ্ম তিনি মাধাক্ষীকার সময়ে মায়ার অন্তিত্ব অবগত আছেন কি না ? যদি বল, অন্তিত্ব জ্ঞাত আছেন; তাহা হইলে প্রশ্ন এই যে,

যিনি জ্ঞানমাত্র-স্বরূপ তিনি আবার কিরপে জ্ঞাতা হইতে পারেন? আর যদি বল মায়ার অন্তিত্ব অবগত থাকেন না, তেবে তিনি মায়ার অন্তিত্ব বিষয়ে অজ্ঞ হইয়া কিরপে মায়াকে স্বীকার করেন?

বিশেষ ৩: তোমাদের মতে ব্রহ্ম ইংক্ ঞিং শক্তি ছারা
মায়াকে স্বীকার করিয়। জগং রচনা করেন, এইরূপ স্থাকৃত
হইলে আপত্তি এই যে, যদি পূর্ব্বেও মায়া স্বীকার
করিবার অমুক্লশক্তি ব্রহ্মে বর্ত্তশান থাকে তবে তোমাদের
স্বীকৃত নির্বিশেষভাবের হানিই হইয়া থাকে। আরও বল
সেই সময়ে ব্রহ্মের স্বরূপ মায়া হইতে কি ভিন্ন অথবা
অভিন-মায়াত্মক? যদি বল ভিন্ন অর্থাৎ ব্রহ্ম মায়া হইতে
পৃথক্, তাহা হইলে বস্তুতঃ ব্রহ্ম পরিচ্ছিন্ন হইয়া পড়ে অর্থাৎ
তাহার সর্বব্যাপকতার হানি হয় এবং তাহার অনস্তত্ত্ব
সিদ্ধ হয় না।

আর যদি মায়া স্বরূপেই অবস্থান বল, তাহা হইলে

জ্ঞানবিরোধিভাবরূপং যৎকিঞ্চিদিতি বদন্তি,
অহমজ্ঞ ইতানুভবাৎ", অন্যথা নির্বিশেষস্থ কথং
জ্ঞাৎকারণত্বমিতি চেৎ। তহে বং জগনিখাত্বনাদে
শিষ্যাচার্য্যয়োস্তত্বপদিষ্টজ্ঞানস্থাপি তদন্তর্গতত্বাচিছয়োপদেশার্থং কল্লিভমিত্যপি ন শক্যতে বক্তমু,
কল্লিভাচার্য্যোপদিষ্টেন কল্লিভজ্ঞানেন কল্লিভস্থ
শিষ্যস্থ কা বার্থ-সিদ্ধিঃ। নির্বিশেষচিন্মাত্রাভিরেকি
সর্বাং মিথ্যেতি বদতো মোক্ষার্থশ্রবণাদিপ্রয়েল্লা
নিক্ষলোহবিদ্যাকার্য্যাৎ শুক্তিকারজতানিয়ু
রজভাত্যপাদানাদি-প্রয়ত্ববং। মোক্ষার্থপ্রয়হেপিব্যর্থঃ, কল্লিভাচার্য্যায়ন্তজ্ঞানকার্য্যাৎ। শুকপ্রহলাদ-বামদেবাদিপ্রয়ত্বরুৎ। "তর্বমস্থাদি" (ছাঃ ৬।

আর স্টের জন্ত পৃথগ্ ভাবে মায়াকে স্বীকার করিতে হয় না বলিয়া—"মায়াকে স্বীকার করিয়া স্টে করেন" ভোমার এই বাক্য নির্থক হয়।

"সভা, জান, অনন্তস্থলপ ব্ৰহ্ম'' (তৈঃ ২৷১) এই যে

ব্সারে লক্ষণ করিয়াছেন, ইহারও কোন আবশুক থাকে না।
সজাতীয় এবং বিজাতীয় অন্তবন্ধ হইতে লক্ষা বস্তুকে
পৃথগ্ ভাবে বুঝাইবার জন্তই লক্ষণের আবশুক। কিন্তু
এইলে লক্ষণের অবকাশ নাই। কেন না, যে ধর্ম একমাত্র
ব্যাকেই বর্তুমান, এবং যখন ব্রহ্ম ব্যতীত অন্ত কোনও বস্তুই
নাই, তখন উহা কিরপেই বা ব্যাক্ষেত্র বস্তুতে লক্ষিত
হইবে ? অতএব ব্রাক্ষের সহিত অন্ত বস্তুর ভেদ স্থাপনের
জন্ত লক্ষণের অবকাশ কোথায় ?॥ ১॥

যদি বল যে, অধারোপ এবং অপবাদ স্থায় দারা
শিষ্যকে সহজে ব্ঝাইবার জন্তই মায়া শ্রীকার করিয়া স্ষ্টির
প্রণালী উক্ত হইয়াছে অন্থা নির্কিশেষ ব্রহ্মমাত্রের জগং
রচনা অসম্ভব। অসপিস্বরূপ রজ্জুতে যেরূপ সর্পের কল্পনা
করা হয়, সেইরূপ প্রমার্থ বস্তুতে অবস্তব কল্পনার নামই
অধ্যারোপ। সত্য, জ্ঞান এবং আনন্দরূপ অন্ধিতীয় ব্রহ্মই
প্রমার্থ বস্তু, অজ্ঞানাদি যাবতীয় জড়পদার্থ অবস্তু; অজ্ঞান
পদার্থ সং কি অসং এইরূপ নির্দেশের অযোগ্য—সন্ধ রজঃ
তমঃ এই ত্রিগুণাত্মক জ্ঞানবিরোধিভাবস্বরূপ পদার্থ-বিশেষ।
"আমি অজ্ঞা" লোকের এইরূপ অমুভব দারাই অজ্ঞানের
সন্তা প্রতিপন্ন হইয়া থাকে।

৮।৭) বাক্যজন্তরানং ন বন্ধনিবর্ত্তকমবিতানকল্লিত-বাক্যজন্তরাৎ, স্বয়মবিতাত্মকত্বাৎ, অবিতানকল্লিতজানাশ্রয়ণ কল্লিতাচার্য্যায়ত্তশ্রবা-জন্তবাদ্বা, স্বপ্রবন্ধনিবর্ত্তকবাক্যজন্তজ্ঞানবৎ। নরাচার্যাতজ্জ্ঞানয়োঃ কল্লিতত্বেহিপি স্বপ্ন-দৃষ্ট-সিংহভয়েনপ্রবোধবজ্জ্ঞানোৎপতিঃ সন্তবতীতি চেন্নবং দৃষ্টান্তে
পরমার্থ-দোষস্থা স্বগ্রস্থা সিংহরপাসদর্থাবলন্দ্রজ্ঞানং
প্রতি কারণত্বং জ্ঞানস্থা ভয়ং প্রতিভয়স্থা প্রবোধং
প্রতি প্রবুদ্ধাহিপি দেবদত্তঃ পরমার্থঃ।
দাষ্ট্রান্তে সুবর্বস্থা মিথ্যাত্মেন দৃষ্টান্তামুপপত্তিঃ।
অপি চান্মিন্ সিকান্তে "নারায়ণঃ পরং ব্রন্ধা আত্মান্নারায়ণঃ পরঃ" (নারায়ণোপনিষৎ) ইত্যাদি শেতি-

তাগা ইইলে তোমার মতে জগতের অসত্য নির্দারিত হওরায় শিষা, আচার্যা এবং আচার্যার উপদিষ্টজান এনমত ও জগতের অন্তর্গত। অতএব ঐ সকল শিয়োপদেশের জন্ম কল্লিক হইয়াছে, একথাও বলিতে পার্বানা; কারণ কল্লিত আচার্যাের উপদিষ্ট কল্লিত জ্ঞানদারা কল্লিত শিষ্যের কি প্রয়োজন সিদ্ধ ইইকে পারে?

রজতরপে প্রতীংমান শুক্তি দেখিয়া রজতাথী কোন ব্যক্তি যদি রজত আহরণের জন্ম তাহাতে প্রবৃত্ত হয়, তাহা হইলে তাহার সেই প্রযন্ত বিফল ংয় অর্থাৎ রজত লাভ হয় না সেইরপ তোমার মতে নির্কিশেষ জ্ঞানস্বরূপ ব্রহ্ম ভিন্ন সমস্তই মিথ্যা বলিয়া মোক্ষলাভের জন্ম প্রবৃত্ত প্রস্তৃতি বিষয়ে প্রযন্ত্র অবিভার কার্য্য বলিয়া নিক্ষলন ইইয়া পজে।

মুক্তিলাভের চেষ্টাও কল্পিত আচার্য্যের অধীনজ্ঞানের কার্য্য বলিয়া কল্পিত শুক্ত প্রহলাদ এবং বামদেব প্রভৃতির কল্পিত চেষ্টার স্থায় ব্যর্থ হয়।

কোন কারাগারে আবদ্ধ পুরুষকে যদি স্বপ্নে কোনও
কল্পিত পুরুষ উপদেশ করে যে "তুমি কারাগার হইতে
মুক্ত হইয়াছ" এবং দেই বাক্য হইতে স্বপ্নে যদি পুরুষের
এইরূপ জ্ঞান হয় যে "আমি বন্ধন মুক্ত" তাহা হইলে
যেমন সেই জ্ঞান কার্য্যকর হয় না বন্ধতঃ জাগ্রত হইয়া সে
আপনাকে বন্ধনগ্রস্তই দেখিতে পায়, সেইরূপ "তল্মসি"
প্রভৃতি বাক্য হইতে উৎপন্ন জ্ঞানও অবিষ্যা-কল্পিত বাক্য-

প্রতিপাদিতো নারায়ণঃ প্রথমগুরুর্র ক্ষণা কল্লিডঃ
পূর্ণং ব্রহ্মসনাতনঃ পুরুরোত্তমোহর্জ্জুনেন কল্লিডঃ
কল্লিডা চ তত্বপদিষ্টা সর্ববশান্তময়ী গীতেত্যবং
ছঃসিদ্ধাস্তাপতিদোষঃ প্রাক্তমানিজিঃ কথং ন
বিচারণীয়ঃ। অথ চৈতৎসিদ্ধাস্তনিষ্ঠৈরপি সম্প্রক্তরুকবিষয়ে মায়াকল্লিড ইত্যেবং বক্তব্যত্তে "গুরুরের
পরংব্রক্ষ গুরুরের পরা গতিঃ" "স হি বিছ্যাভস্তং
জনয়তি তচ্ছেষ্ঠং জন্ম তথ্যে ন দ্রুহ্যেত কদাচন"
"আচার্যাং মাং বিজ্ঞানীয়াৎ" [ভাঃ১১।১৭।২২]
ইত্যাদি শ্রুতিবিরোধঃ কথং ন পরামর্শনীয়ঃ।
নম্বতম্বজ্ঞানদশায়ামুপদেশাদয়ঃ সত্যা এব। জাতে
তু জ্ঞানে "যত্র জ্ব্স সর্ব্রমাইত্মবাভূৎ কেন

জাত বলিয়া নিজেও অনিষ্ঠাত্মক হেতু, অবিষ্ঠাদ্বারা কল্লিত জ্বানের ভা্লিফ'বালয়া এবং কল্লিত আচার্য্যের অধীন প্রবন হুইতে উৎপন্ন হওয়ায় পুরুষের বন্ধ নাশ করিতে পারে না।

यनि वर्ष या, कोन वाकि याज्ञ श्राप्त कल्लिक-निःइ-দেখিয়া ভীতি-হেতু জাগ্রত হয়—দে স্থলে কল্লিভ সিংহ ভয় হইতে সত্যজাগরণের ত্যায় কল্পিত আচার্য্য এবং তদীয় কল্পিত জ্ঞান হইতেও শিষ্ট্রের বন্ধননাশক স্ত্য জ্ঞানের উৎপত্তি হইতে পারে, তাহা হইলে বক্তব্য এই যে—স্প্র দৃষ্টান্তে স্বপ্নের কারণ দোষ অর্থাৎ তমোগুণ সত্য পদার্থ, তাহা ক্টতে উৎপন্ন স্বপ্নই সিংহরূপ মিথ্যাবস্ত বিষয়ক জ্ঞানের কারণ; সেই জ্ঞান পুনরায় ভয়ের কারণ এং ভয় জাগরণের কারণ। জাগ্রত দেশদন্ত প্রভৃতি ব্যক্তিও সত্য-। কিন্তু দাষ্ট্ৰান্তে অৰ্থাৎ প্ৰস্তাবিত "তত্ত্বমদি" প্ৰভৃতি উপদেশস্থলে সমস্তই কল্পিত অর্থাৎ মিথ্যা বলিয়া এস্থলে স্বপ্নদৃষ্টান্ত সঙ্গত হুইতে পারে না। বিশেষতঃ তোমাদের বিদ্ধান্ত অনুসারে "নারায়ণই পরম ব্রহ্ম নারায়ণই পর্মাত্মা" (নারায়ণোপনিষৎ)—এই শ্রুতিপ্রতিপাদিত আদিগুরু-নারায়ণ, শিশ্য-ত্রন্ধার কল্পিত, পূর্ণ-ত্রন্ধ-দনাতন জ্রীকৃষ্ণরূপ তত্ত্বগুরু, শিষ্য-অর্জুন কর্তৃক কল্পিত এবং তাঁহ'র উপদিষ্ট সর্ব্যব্রসার গীতাবাক্যও কল্পিত—এরপ হণ্টসিদ্ধান্ত উপস্থিত হয়। তোমরা নিজকে পণ্ডিত বলিয়া মনে কর অথচ নিজ মতের এসমন্ত দোষ কি তোমাদের বিচার্য্য নহে ?

বিশেষতঃ এই সমস্ত সিদ্ধান্তবাদিগণের মতাত্মসারে

কং পশ্যেৎ [রহদাঃ ২ । ৪ । ১৪] ইত্যাদিশ্রুতের বৈতদর্শনমিতি চেত্তহি অন্বিতীয়াত্মসাক্ষাৎকারাদ্ বিনফ্টমূলাজ্ঞান-তৎকার্য্যস্ত কথং দৈতদর্শনপূর্বকো-পদেশাদি-ব্যবহারাঃ ॥ ২ ॥

বাধিতামুর্ত্তোতি-চেৎ সম্যাগ্জান-প্রবৃত্তিবেলায়াং বাধিতামুর্তিস্তিষ্ঠতি ন বা তিষ্ঠতি চেৎ 'জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ" (গীতা ৫।১৬) ইত্যাদি প্রমাণবিরোধোহমুভব-বিরোধশ্চ রজ্জু সাক্ষাৎ কারদণায়া সর্পভ্রমানুপলম্ভাৎ। ন তিষ্ঠতি চেৎ উপদেশ-সময়ে সম্যাগ্জানপ্রবৃত্তত্বেন বাধিতামুর্ত্তা সম্ভবাৎ কথং দৈতদর্শনং তৎকৃতোপদেশশ্চ। অথ চ "বিদ্রাবিতো মোহমহান্ধকারো য আশ্রিতো মে তব

তাঁহাদের নিজ-নিজ গুরুবর্গ ও কল্লিত হইয়া পড়ায় "গুরুই পর্মব্রহ্ম, গুরুই উত্তমা গতি" "তিনিই বিছাদ্বারা তাঁহাকে (শিশ্যকে) জন্মদান করেন, দেই জন্মই শ্রেষ্ঠজন্ম, কখনও তাঁহার প্রতি বিজোহাচরণ করিবে না" "আচার্য্যকে মৎস্বরূপ বিলিয়া জানিবে" (ভাঃ ১১১৭।২২) ইত্যাদি শ্রুতি ও শ্বৃতিব্যাকের বিরোধ কি বিচার-যোগ্য নহে ?

যদি বল, তত্ত্বজানোৎপত্তির পূর্বের উপদেশ প্রভৃতি বিষয় যথার্থ-রূপেই বর্ত্তমান থাকে কিন্তু তত্ত্বজ্ঞান উৎপন্ন হইলে—
"যে সময়ে ইহার নিকট সমস্তই আত্মস্বরূপে প্রতিভাত হয় 'তথন কাহার দ্বারা কাহাকে দর্শন করিবে' (র ২।৪।১৪)
ইত্যাদি শ্রুতি অমুসারে দ্বৈতদর্শন না থাকায় উপদেশাদি সমস্তই মিধ্যা হইয়া পড়ে, তাহা হইলে বক্তব্য এই যে গুরুর অদ্বৈত-সাক্ষাৎকারদ্বারা মূল অজ্ঞান ও অজ্ঞানের কার্য্য দ্বৈতদর্শন বিনপ্ত হইয়া গিয়াছে, তিনি আবার কিরূপে দ্বৈতদর্শন পূর্বেক শিষ্যকে তত্বোপদেশ দিতে সমর্থ হন ? ॥২॥

যদি বল যে—হৈতজ্ঞান বর্ত্তমানে বাধিত হইলেও
পূর্ব্বামুভূত তদীয় সংস্কার বর্ত্তমান থাকায় উপদেশ সম্ভবপর
ভাহা হইলে প্রশ্ন এই যে—যথার্থ জ্ঞান অর্থাৎ অহৈছেদাক্ষাৎকারদশায় বিনষ্ট-হৈতদর্শনের অমুবৃত্তি অর্থাৎ সংস্কারদ্বারা উপস্থিতি হয় কি না ? যদি বল অমুবৃত্তি হয় তাহা
হইলে ''আত্মজ্ঞানের দ্বারা যাহাদের অজ্ঞান বিনষ্ট হইয়াছে"
(৫।১৬) ইত্যাদি গীতাবাক্যের সহিত এবং স্বকীয়
অমুভবের সহিত্ত বিরোধ উপস্থিত হয়। কারণ যে কালে

সনিধানাৎ বিভাবসোঃ কিন্নুসনীপগস্থ শীতং তমো
ভীঃ প্রভবস্তাজান্তঃ" (ভাঃ ১১।২৯। ৩৭) ইতিবাদিন
উদ্ধবস্থ স্বতম্ব-জ্ঞানস্ফূর্ত্তি-প্রকাশন-বেলায়াং বাধিতামুব্রাসম্ভবে "নমোহস্ত তে মহাযোগিন্ প্রপন্নমমুশাধি মাং। যথা অচ্চরণাম্ভোজে রতিঃ স্যাদনপায়িনী"
(ভাঃ ১১।২৯।৪০) ইতিভেদদর্শনমূল-বিজ্ঞাপনং কথং
সম্ভবতি। রজ্জু সাক্ষাৎ-কার-দশায়াং সপ্রিমামুপ
পত্তিবত্নপদিশ্য মান-তব্বজ্ঞানামুসন্ধানেনাদ্বিতীয়াত্মসাক্ষাৎকারে সতি বাধিতামু-বৃত্তামুপপত্তা
উপদেশামুপপত্তিস্তদবস্থা। তথা ভগবত্নপদিষ্ট-তব্বজ্ঞানাবধারণানস্তরং "নক্ষো মোহঃ স্মৃতিল কা বৎপ্রসাদামুয়াচাত" [গীতা ১৮। ৭৩] ইত্যাদিনা তব্বসাক্ষাৎকারাবিক্ষার দশায়াং বাধিতামুবুত্যসম্ভবাৎ,

রজ্জুকণে জ্ঞান হয়, দেকালে সর্পভ্রম আর দেখা যায় না।
আর যদি বল, দ্বৈতদর্শনের অমুরুত্তি থাকে না তাহা হইলে
গুরুক্ত দ্বৈতদর্শন পূর্বাক উপদেশ কিরাপে সম্ভবপর
হইতে পারে ?

আরও দেখ—"হে ভগবন্ আদিদেব! তোমার দারিধ্যলাভে আমার যাবতীয় মোহরূপ মহান্ধকার বিনষ্ট হইয়াছে, স্থ্য নিকটস্থ হইলে শীত কিস্বা অন্ধকার ভয় কি আর থাকিতে পারে" (ভাঃ ১১৷২৯৷৩৭)—উদ্ধবের এই উক্তিদ্বারা নিজের তত্ত্ব-জ্ঞানোৎপত্তির পরিচয় পাওয়া গিয়াছে এ অবস্থায় তোমার মতে বাধিতাহুবৃত্তি অসম্ভব বলিয়া "হে যোগিশ্রেষ্ঠ! তোমাকে প্রণাম, এ আশ্রিতকে এরূপ উপদেশ কর, যাহাতে তোমার চরণে নিশ্চলা রতি হয়" (ভাঃ ১১৷২৯৷ ৪০) এইরূপ ভেদদর্শনমূলক বিজ্ঞপ্তি কিরূপে সম্ভবপর হইতে পারে ৪

অতএব রজ্বাক্ষাৎকার দশায় বেরূপ দর্পভ্রম থাকিতে পারে না, সেইরূপ গুরুর উপদেশে তত্ত্তানামুসদ্ধান দ্বারা অহৈত দর্শন হইয়া গেলে—বাধিতামুর্ত্তি অসম্ভব বিনিয়া উপদেশ ও অসম্ভব হইয়া পড়ে। আরও বল দেখি—ভগবান্ শ্রীক্লফের উপদেশে তত্ত্তান অবধারণের পর 'তোমার প্রসাদে আমার মোহ নপ্ত ইইয়াছে, শ্বতিলাভ করিয়াছি (গীতা ১৮।৭৩)' অর্জ্নের এসমস্ত উল্ছোরা তত্ত্ব-সাক্ষাৎকারই প্রতিপ্র হইয়াছে। তৎকালে বাধিতামুর্ত্তি

তব প্রসাদাৎ "স্থিতোহিন্মিগতসন্দেহঃ [গীতা ১৮।৭০] তুর্য্যোধনাদীন্ প্রতি যুদ্ধবিষয়ং "তব বচনং করিয়ে" ইতি দ্বৈতদর্শনমূলমর্জ্জ্নবাক্যং কথং সঙ্গচ্ছেত। কিঞ্চ পরমার্থদোষ-মূলকৈ রজ্জ্বসর্পাদি-দৃষ্টাকৈরপরমার্থদোষমূলেয়ং বাধিতামুবৃতিত্ব সোধ্যাপি যৎকথঞ্চিত্রতে তৎক্ষেত্রজ্ঞসৈরে উচ্যতাম্। আদাব জ্বেং পশ্চাদ্গুরূপদেশাদিভির্ধিগতজ্ঞানত্বং তেয়ামেব সম্ভবতি। ঈশ্বরস্য তু "যং সর্ববিজঃ সর্ববিৎ মুগুক ১। ১।৯]" পরাস্যশক্তিবিবিধিব শ্রায়তে স্বাভাবিকী জ্ঞানবল ক্রিয়া চ [শ্বেতার্শ্বঃ ৬।৮] "যো বেত্তি যুগপৎ সর্বং প্রত্যক্ষেণ সদা স্বতঃ" ইত্যাদিশ্রুতিবিধাধাৎ কথঞ্চিদ্পি বক্তরুং ন শক্যতে। কথং তর্হি তস্য দ্বৈত-দর্শনমুপদেশাদিব্যবহারাশ্বেতি নিরূপণীয়ম্॥ ৩॥

অসম্ভব বলিয়া—''তোমার প্রসাদে আমি সংশয়সান ইয়াছি'' এবং ''তোমার আদেশ পালন কবিব'' এইরূপ হর্ষ্যোধনাদির বিক্রু যুদ্ধসঙ্কল্পবিষয়ক দৈতদর্শনজাত অর্জুনের বাক্য কিরূপে দম্বত হইতে পারে ? আরও বক্তব্য এই যে—রজ্জু मर्शीमि पृष्टी छ बाता वाधिजासूत् जित्र माधन कता यात्र ना ; কারণ রজ্জুতে সর্পদর্শনের ভেতুন্তে চক্ষুর দোষাদি সত্য বাধিতামুবুত্তির মূলে যে দোষ তাহা যথার্থ নহে; তথাপিও যদি বাধি অঞ্বুতি স্বীকার করিতে হয়, তাহা হুটলে ক্ষেত্রজ্ঞ অর্থাৎ জীবের সম্বন্ধেই স্বীর্ণার করা যাইতে পারে। কারণ তাহাদের একসময়ে অজ্ঞত্ব অর্থাৎ দৈতদর্শন থাকে পশ্চাৎ গুরুপদেশে অদ্বৈত জ্ঞানের লাভ হয়। যিনি ঈশ্বর তাহার পক্ষে উহা সম্ভবপর হইতে পারে না। তাহা হইলে "যিনি সর্বজ্ঞ তিনিই সর্ববেত্তা" (মুগুক ১।১।৯) সেই অসমোর্দ্ধ অধ্যতত্ত্বের 'পরা' নামী একটী শক্তি আছে। এক হইয়াও সেই স্বাভাবিকী শক্তি জ্ঞান (চিৎ বা দ্বিং), বল (সংবা সন্ধিনী) ও ক্রিয়া (আনন্দ বা হলাদিনী)—ভেদে বিবিধা—এইরূপই শ্রুতি হইতে অবগত হওয়া যায় (শ্বেভাশ্বতর ৬৮)। 'বিনি স্বয়ং এককালে সমস্ত প্রত্যক্ষ করিতেছেন'' ইত্যাদি শ্রুতির সহিত বিরোধ উপস্থিত হয়। তাহা হইলে তাদৃশ শক্তিসম্পন্ন ভগবান্ প্রীক্ষের দ্বৈতদর্শন এবং উপদেশাদি ব্যবহার কিরুপে সম্ভবপর হয় ?" ॥ ৩॥

নমু মিথ্যাভূতস্থ মিথ্যান্তেন দর্শনং ন সম্যগ্ জ্ঞানবিরোধীতি চেৎ যদীশরোহপি মিথ্যান্তেনৈব স্বব্যতিরিক্তং জানাতি ন তর্হি-তন্নিগ্রহামুগ্রহাদিয়ু প্রবর্ত্তে, ন হামুন্মত্তঃ কোহপি মিথ্যান্তেন জ্ঞাতানু-দ্দিশ্য কিমপি করোতি। কিঞ্চেশ্বরস্থ যাবদ্ বিশেষ-বিরোধিত্রক্ষস্বরূপাবভাসে ত্রক্ষবিবর্ত্তরূপং দৈত-দর্শনং মিথ্যান্তেনাপি ন সম্ভবতি নহি শুক্তিত্রা শুক্তো ভাসমানায়াং তত্র রজতাবভাসোপপত্তিঃ। তথানভূপাসমে "স বিশ্বরুদ্ বিশ্ববিদান্ম-যোনির্জ্ঞান কালকালো গুণী সর্ববিদ্ যঃ (শ্বেতাশঃ ৬১৬,) তেষামেবানুকম্পার্থম্ (গীতা ১০।১১) ইত্যাদি-শ্রুতিব্যুতিবিরোধঃ। কিঞ্চ যথা চক্রৈক্রে জ্ঞায়-

ি যদি বিলু; মিথ্যাভূত প্রপঞ্চের মিথ্যারপে জ্ঞান যথার্থ জ্ঞানের বিরোধী হয় না (অর্থাৎ ব্রহ্মই সত্য, তদতিরিক্তরূপে প্রতীয়মান প্রপঞ্জ মিণ্যা, ইহাই যথার্থ জ্ঞান, তাদৃশ মিথ্যা-স্বরূপ প্রপঞ্চকে যদি সত্য রূপে জ্ঞান করা যায় তাহা হইলে প্রব্যক্ত যথার্থ জ্ঞানের সঙ্গে বিরোধ হয় কিন্তু মিথ্যা বলিয়া জ্ঞান করিলে উহা যথার্থ জ্ঞানের বিরোধী হয় না) তাহা হইলে বক্তব্য এই ষে, যদি ঈশ্বর নিজের অতিরিক্ত জগৎকে মিথ্যারূপে দর্শন করেন, তাহা হইলে জাগতিক জীবাদির নিগ্রহ কিম্বা অনুগ্রহ বিষয়ে তাঁহার প্রবৃত্তি হইতে পারে না। কারণ উন্মত্ত ভিন্ন কেহই মিথ্যা বিষয়ের জন্ম কোনরূপ চেষ্টা করেন না। আরও দেখ—যথন বিশেষ-হিরে।ধি-এক্ষারপ আত্ম স্বরূপ প্রকাশ পায়, দে সময়ে মিথ্যারপেও ব্রন্ধের বি-র্ভভূত হৈতপ্রপঞ্চের দর্শন হইতে পারে না। কারণ যে সময়ে শুক্তিরূপে শুক্তির প্রকাশ হয়, সে সময়ে তাহাতে রজভ ভাবের ফুরণ হইতে পারে না। অথচ প্রকৃত পক্ষে ব্রহ্মস্বরূপ আত্মফুরণদশায়ও ব্রহ্মের দৈত দর্শন হইয়া থাকে। যদি ইহা অস্বীকার করা যায় তবে "তিনিই বিশ্বের কর্তা, বিশ্বের জ্ঞাতা; আত্মানান অর্থাৎ নিজেই নিজের কারণ, জ্ঞানী, যমেরও নিয়ন্তা, গুণবান্ সর্বজ্ঞ (শ্বে, ৬।১৬) এবং "আমি তাহাদিগকে অমুগ্রহ করিবার জন্য" (গীতা ১০৷১১) ইত্যাদি দৈত দর্শন স্থচক শ্রুতি এবং স্মৃতির সহিত বিরোধ উপস্থিত হয়। আরও দেখ—যে ব্যক্তি চন্দ্র একটী মাত্র ইহা অবগত

মানেহিপি দিচন্দ্রদর্শনমবিছৈব দোম্মন্তরেণ ন
স্থাতথেশরস্থ মিথ্যান্থেনাপি দৈতদর্শনমবিছৈব দোষং
বিনা চন সম্ভবতি। দোষাভ্যুপগমে তু "শুদ্ধে মহাবিভূত্যাখ্যে পরে ব্রহ্মণি বর্ত্ততে মৈত্রেয় ভগবচছকঃ
সর্বব কারণ কারণে (বিঃ পুঃ ৬।৫।৭২) "সমস্ত হেয়
রহিতং বিষণ্ণখ্যং পরমং পদম্" "পরঃ পরাণাং সকলা
ন যত্র ক্রেশাদয়ঃ সন্তি পরাবরেশ (বিঃ পুঃ
৬।৫।৮৫) ইত্যাদি নিত্য-নির্দ্দোষ-প্রতিপাদকশাস্ত্রবিরোধঃ। তত্মাদ্ যথা তিমিরাদি-দোষরহিতস্থ দিচন্দ্র-দর্শনং মিথ্যান্থেনাপি ন
সম্ভবতি তথা সমস্তহেয়-প্রত্যনীকস্থেশরস্থাপি
মিথ্যান্থেনাপি দ্বৈতদর্শনং ন সম্ভবতি। কিঞ্চ

আছে তাহার ত্ইটী-চন্দ্র-দর্শন অজ্ঞানই বলিতে হইবে এবং সেই অজ্ঞানের প্রতি (তিমির) রোগই কারণ। সেইরূপ ব্রেলরও মিথ্যারূপে জগদর্শন অজ্ঞানই বলিতে হইবে এবং সেই মিথ্যা জ্ঞানের মূলে কোনরূপ দোষ কল্পনা করিতে হইবে। যদি ব্রন্ধে দোষ স্বীকার কর, তাহা হইলে "হে মৈত্রের! শুদ্ধ মহাবিভূতি নামক সমস্ত কারণেরও কারণ পরব্রন্ধই ভগবান্ এই শব্দের প্রতিপাদ্য (বিঃ পু: ৬ ৫। ৭২) "বিষ্ণুস্ত জ্ঞাক পরম পদ সমস্ত-হেরগুণবিবর্জিত" (বিঃ পু: ৬। ৫। ৮৫) "যিনি শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, যাহাতে ক্রেশাদি হেরগুণসকল নাই" ইত্যাদি নিত্য নির্দ্দোষ্ঠা প্রতিপাদক শাস্ত্রের সঙ্গে বিরোধ উপস্থিত হয়। মত্রেব শ্রেরপ প্রতিমির" প্রভৃতি নেত্রগত দোষশ্ব্য পুরুষের যেরূপ মিথ্যারূপেও চন্দ্রের দর্শন সম্ভবপর নহে সেইরূপ সমস্ত হেয় গুণশ্ব্য ঈশ্বরের পক্ষে ও মিথ্যারূপেও দৈত্ব দর্শন সম্ভবপর হয় না।

বিশেষতঃ—যে স্থলে নীলবর্ণ পৃষ্ঠদেশ প্রভৃতি লক্ষণদর্শন দ্বারা ভাক্ত বলিয়াই স্পষ্ট ধারণা হইতেছে—তাদৃশ
স্থলে মিথ্যারূপেও রক্ত দর্শন হইতে পারে না। যদি ঐরপ
স্থলেও (স্পষ্ট ভক্তিজ্ঞানস্থলে) রজতাভিলাষী কোন
প্রাকৃতিস্থ ব্যক্তির প্রবৃত্তি দেখা যায়—তাগ হইলে ঈশ্বরের
পক্ষে সর্ব্বনা প্রত্যক্ষভাবে অন্বয়-আনন্দ-স্বরূপ সাক্ষাৎকার
সত্ত্বেও দৈতদর্শন এবং তদ্বিষয়ক উপদেশাদি ব্যবহার
সম্ভবপর হইতে পারে।

নালপৃষ্ঠাছাকারেণাসুভূয়মানায়াং শুক্তো মিথ্যা-থেনাপি ন রজতপ্রতীতিঃ। ততুপাদানাছর্থং প্রবৃত্তি-শ্চাসুন্মতানাং যদি দৃশ্যেত তদেশরস্থাপি সর্ববদাহ-পরোক্ষেণাদ্যানন্দাত্ম-সাক্ষাৎকারে মিথ্যাত্মন দৈত-দর্শনং তন্মূলোপদেশাদিব্যবহারাশ্চোপপছেরন্।৪॥

কিঞ্চ রজ্জে সর্পবিন্নবির্বেশ্য-জ্ঞানমাত্রে ব্রহ্মণ্যা-রোপিতস্থ প্রপঞ্চস্থ কো দ্রন্ধী। "নাহন্যোহতো-হস্তি দ্রেইতি" (রহদাঃ ডাচাহত) শ্রুতিব্র ক্ষৈক দ্রেইতি চেৎ, জ্ঞানমাত্রস্বরূপস্থ কথং দ্রন্ধীতং কথং বা জ্ঞানমন্তরেণ ভ্রমভূতস্থ প্রপঞ্চস্থ দ্রন্ধী। মায়া-বোগেনেতি চেৎ, কিময়ং বোগ আগন্তক উত্ত স্বাভাবিকঃ। আগন্তকে তু বিভূবং ব্রহ্মণো ন

আরও—রজ্জুতে সর্পভ্রের তার নির্কিশেষ জ্ঞানমাত্র ব্রেক্ষ আরোপিত এই যে প্রথক দৃষ্ট হইতেছে, ইগার ক্রষ্টাকে ?॥ ৪॥

যদি বল—"তিনি ভিন্ন অন্ত কোন দ্রষ্টা নাই" (বুহদাঃ ৬।৮।২০) ইত্যাদি শ্রুতিপ্রমাণবশতঃ ব্রহ্মই দ্রষ্ঠা— তাহা হইলে আপত্তি এই যে—তিনি জ্ঞানমাত্র স্বরূপ হইয়া কির্নেপে দ্রষ্টা হইতে পারেন ? বিশেষতঃ ভ্রমভূত প্রপঞ্চের সম্বন্ধে যদি তাঁহার কোনরূপ জ্ঞান জন্ম তাহা হইলেই তাঁহাকে প্রপঞ্চের দ্রস্তী এই কথা বলা চলে কারণ দর্শক মাত্রেরই বস্তু সম্বন্ধে একটা জ্ঞান জন্মিয়া থাকে। প্রস্তাবিত স্থলে ব্রহ্ম নিজেই জ্ঞানরূপ পদার্থ তাঁহার আবার প্রাপঞ্চ সম্বন্ধে জ্ঞানান্তর সম্ভবপর হয় না বলিয়া তিনি প্রপঞ্চের দ্রষ্ঠা হুইতে পারেন না। যদি বল মায়ার সহিত যোগবশতঃ তিনি দ্রপ্তী হইতে পারেন তাহা হইলে বল দেখি—মায়ার সহিত ব্রহ্মের এই যে যোগ ইহা আগন্তক অথবা স্বাভারিক (সর্ব্ব-দাই বৰ্ত্তমান) যদি বল আগন্তক তাহা হইলে একা বিভু (অর্থাৎ সর্বব্যাপক) হইতে প্রারেন না কারণ—িযিনি পরিচ্ছিন (অর্থাৎ সদীম) বস্তু তাহার সহিত অন্ত পদার্থের মিলন আগন্তক হইতে পারে যিনি সর্বব্যাপী তাঁহার সহিত লৰ্কদা সৰ্বৰ পদাৰ্থের যোগ বৰ্ত্তমানই ৱহিয়াছে ক।যেই ঠাহার সম্বন্ধে আগন্তক যোগ বলা চলে না। আর যদি বল, মায়ার সহিত ব্রন্ধের এই যোগ স্বাভাতিক তাহা হইলে সর্বদ।ই ব্রহ্ম মায়াযুক্ত বলিয়া তিনি সবিশেষরপই হইয়া

স্থাৎ। স্বাভাবিকশ্চেৎ অগ্রেইপি মায়াশবলমেব ব্রহ্ম, অতশ্চ সর্বদা বিশিষ্টমেবেতি সিদ্ধম, এবঞ্চ সীতি কথং বিজাতীয়-ভেদশূত্তাম্। কিঞ্চ মায়াশব-লম্বেহপ্যগ্রে প্রপঞ্চাপ্রতীতেঃ কিং কারণম্। ঈক্ষণাভাবাদপ্রতীতিরিতি চেৎ তদভাবে কিং কার-ণম্। ইচৈছবেতি চেৎ কিমগ্রেহপীচ্ছাবদ্ ব্রক্ষ তহি সর্বদ। সবিশেষমেবেতি সিদ্ধম্। কিঞ্চাঙ্গী-করণাৎ পূর্ববং কিমাপ্রিতা মায়া। ব্রক্ষাপ্রতিতি চেৎ সর্বদা বৈশিক্ষ্যপ্রসঙ্গোহদৈত-হানিশ্চ।॥৫॥

নমু মায়ায়া অপরমার্থায়োক্ত-ব্লোষপ্রসঙ্গ ইতি চেৎ, অপরমার্থ-শব্দেন কিং বিবক্ষিতম্ রজ্জুসর্পবিমি-থ্যাত্ম্ অথবা বিকারাবিচ্ছিন্নত্বেন ব্রহ্মসমানসত্তাভাব-

পড়েন তোমার অভিপ্রেত নির্বিশেষ রূপের সুদ্ধি হুয় না। ব্ৰহ্ম ভিন্ন মায়া বলিয়া অভ্য জাতীয় একটী পদাৰ্থের, সৰ্বদা অতিত্ব থাকায় তুমি যে ব্ৰহ্মকে "বিজাতীয়-ভেদ-শৃষ্ঠ" বলিয়াছিলে উহাই বা কিরূপে সিদ্ধ হয় ? আরও—বৈ সময়ে ব্রহ্মের প্রাপঞ্চ দর্শন হইয়াছে, তাহার পুর্বেও যথন মায়ার স্থিত যোগ ছিল তাহা হইলে তথন প্রপঞ্চ দর্শন হয় নাই (कन १ यिन वन उथन अलाई अंश्रिक मर्गन कदिवांत क्रेक्न । (অর্থাৎ ইচ্ছা) ছিল না বলিয়া দর্শন হয় নাই ভাষা হইলে वल प्रिथि दम मगरत है छहा ना था कि वातर है व। कातन कि ? যদি বল, 'তাহারও কারণ ইচ্ছাই বলিব' তাহা হইলে मर्समारे अक रेष्टायूक विषया मिव**्मियरे .र**रेया পि**एलन**। আরও এন্ধ মায়াকে স্বীকার করিবার পূর্বে মায়া কাহাকে আশ্রম করিয়াছিল, যদি বল ব্রহ্মকেই আশ্রম করিয়াছিল, **टा**टा इहे**रल** अन्न निर्कित्मय ना क्रेग्रा मित्रस्य हहेशा পড়েন এবং ব্রহ্ম ভিন্ন মাগ্নাকে স্বীকার করায় তোমার অভিপ্রেত অবৈতবাদেরও হানি ঘটিয়া থাকে।॥ ৫॥

যদি বল যে—মায়া অপরমার্থ বস্তু কাষেই তাহা দারা আমার মতের (নির্বিশেষ এবং অদৈতের) কোন হানি হয় না;তাহা হইলে বল 'অপরমার্থ' শব্দের অর্থ কি ? রজ্জুতে কল্পিত সর্পের স্থায় মিথা৷ বস্তুকেই অপরমার্থ বলিতেছ কিয়া যে বস্তু সবিকার বলিয়া ব্রংক্ষার স্থায় স্থির সন্তাবিশিষ্ট নহে তাহাকেই অপরমার্থ বলিতেছ ? যদি বল এন্থলে রজ্জুতে কল্পিত সর্পের ন্যায় মিথা৷ পদার্থই 'অপরমার্থ' শব্দের অর্থ

বরম্। ন চাষ্ণঃ, "ব্যজ্ঞানস্ত ত্রিগুণাত্মকং জ্ঞানবিরোধিভাব-রূপন্" ইতি স্বসম্প্রদায়-বচন-বিরোধঃ।
ত্রথ "ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরন্"
(গীঃ ৯।১০) ইত্যুক্তা কার্য্যোৎপত্তিঃ কারণাভাবে ন
স্থাৎ, অসতঃ পরোৎপত্তামুক্ল-শক্তিমন্বরূপ-কারণত্বাসন্তবাৎ। নমু কার্য্যস্তাপ্যস্বেইন্য দোষঃ স্বাপ্রশিরশ্চেদনকার্যাং প্রতি স্বাপ্র-চৌরস্থ কারণয়ং
দৃশ্যত ইতি চেন্ন "বৈধর্ম্যাচ্চ ন স্বপ্নাদিবৎ" (ব্রঃ সূ
২।২।২৮) ইতি সূত্রে স্বপ্র-জাগ্রতোধি ধর্ম্যাজ্জাগ্রৎপ্রত্যয়ানাং স্বপ্নপ্রত্যয়-সাদৃশ্য-প্রতিষেধাৎ, তথা
"সর্বাচ্চাপরস্থেতি" (ব্রঃ সূঃ ২।১।১৭) সূত্রে যথা চ
কারণং ব্রন্ধ ত্রিযু কালেযু সরং ন ব্যভিচরতীতি

তংহা হইলে "সন্তরজন্তমঃ এই ত্রিগুণময়, জ্ঞানবিরোধি-ভাবই অজ্ঞান'' (অর্থাৎ মায়া)—এই যে তোমার অজ্ঞানের শক্ষণ করিয়াছ, এই বাক্যের সহিত বিরোধ উপস্থিত হয়: বিশেষতঃ ময়োকে যদি তাদৃশ মিথ্যা পদার্থই বল ভাহা হইলে "ুআমিই অধ্যক্ষরূপে প্রকৃতিতে ঈক্ষণ করি, তাহাতেই প্রকৃতি চরাচর বিশ্ব প্রকাশ করিয়া খাকে। (গীতা ১।১০) এই যে ভগবানের কথিত মায়া হইতে কার্য্যোৎপত্তি ইহা সম্ভব হয় না কারণ মিথ্যা-পদার্থে কথনও অন্ত বস্তু স্পৃষ্টি করিবার উপযোগি-শক্তি বর্ত্তমান তাহার মন্তক ছেদন করিয়াছে দে স্থলে শিরশ্ছেদরাপ মিথ্যা কার্য্যটী যেরূপ স্বপ্ন-কল্পিড-চোর-স্বরূপ মিথ্যা কার্ণ হইতে জন্মিতে পারে—সেইরূপ এই জগদ্ধপ কার্য্য যেহেতু মিথাা, তথন মিথাা মায়া তাহার কারণও হইতে পারে। তাহাও সম্ভবপর নহে, কারণ "বৈধর্ম্যাচ্চ ন্ শ্বপ্লাদিবৎ" (ব্রঃ স্থা ২। ২৮) এই বেদান্ত দর্শনের স্থার্ত্তাগায় স্বপ্ন এবং জাগরণের বৈষম্য আছে বলিয়া স্বপ্রদশার প্রতীতির সঙ্গে ও জাগ্রদশার প্রতীতির ভেদ আছে, ইহা প্রতিপাদিত হইয়াছে এবং "দক্ষাচ্চাপুরুদ্য" (ব্রঃ স্থঃ ২।১।১৭) অপর অর্থাৎ পশ্চাদ্ভাষী ঘট, শরা প্রভৃতি কার্য্য উৎপত্তির পূর্ব্বে মৃত্তি-কাদি কারণ বিদ্যমান থাকে বিশিয়া কার্য্য ও কারণের অভি**নত্ব ব্**ঝিতে হইবে।—এই স্থত্ৰেও ব্ৰহ্মরূপ কারণ যেরূপ

সত্যৰপ্ৰতিপাদনাৎ, অন্যথা ''অসত্য-কাৰ্য্য**স্থ** মপ্রতিষ্ঠন্তে জগদাহুরনীশরম্।"(গীঃ ১৬৮৮)ইত্যাস্থর-সিকান্তপ্রসঙ্গাৎ "গৌরনাছনন্তবতী স। জনয়িত্রী ভূতভাবিনী" ''বিকারজননীমজ্ঞামস্টরূপামজাং ঞ্বাম্" ''অস্মান্মায়ী স্বজতে বিশ্বমেত্ত্" (:শেতাশ্বঃ ৪৷৯)"অজামেকাং" (শ্বেতাশ্বঃ ৪৷৫) "মায়ান্ত প্রকৃতিং বিছানায়িনস্ত মহেশরম্"(খেতাশ্বঃ ৪।১০) "যস্তাবয়ব-ভূতৈস্ত ব্যাপ্তং সর্ববিদিং জগৎ" "অক্ষরাৎ পরতঃ পরঃ" "মম যোনির্মহদ্ ব্রহ্ম" (গীঃ ১৪।৩) "মম মায়া ত্বব্যায়া"(গীঃ ৭।১৪) "প্রকৃতিং পুরুষক্ষৈব বিদ্ধানাদী উভাবপি"(গীঃ ১৩১৯)ইত্যাদি শ্রুতিস্মৃতিবিরোধাচ্চ, ন হি মিথ্যাভূতং বস্থক্ষরত্বপ্রবাদিভিঃ পরবাক্যৈ-রুপদিশ্যতে। দ্বিতীয়স্ত পক্ষঃ প্রকৃতের কাসমান

তিন কালেই সত্তাবিশিষ্ট তেমনি জগদ্ধপ কার্য্য ত্রৈকালিক সত্তাবিশিষ্ট এইরূপ উক্তি দারা ছগতের সত্যতাই প্রতি-পাদিত হইয়াছে।"

অন্যথা জগৎকে মিথ্যা বলিলে ইহা শ্রীমদ্ভগবদ্গীতার (১৬)১৮) বর্ণিত "তাহারা (অস্কুরস্বভাবক্যক্তিগণ) এই জগৎকে মিথ্যা, স্থিতিশূন্য এবং ঈশ্বরহীন থাকে";—এই আহ্মর সিদ্ধাস্তই হইয়া পড়ে এবং "এই পৃথিবী অনাদি অনস্তকাল বর্ত্তমান তিনিই এবং পালনকর্ত্রী সেই যাবতীয় ভূতসকলের জননী বিকার সমূহের প্রসবিনী ভূমি প্রভৃতি অষ্টরূপে বর্ত্তমানা নিত্যা গ্রুবা অর্থাৎ নিশ্চলা শক্তিকেই মান্ত্রা বলে" মান্নী পরম পুরুষ ইহা হইতে বিশ্ব স্ষষ্টি করেন" (বেতাশ্বতর ৪।৯) প্রকৃতি নিত্যা এবং একা (বেঃ ৪।৫) মায়াকে প্রকৃতি এবং মায়ীকে মধেশর বলিয়া জানিবে (খে ৪।১০) "যাহার অংশ ছারা এই সমস্ত জগৎ পরিব্যাপ্ত রহিয়াছে "অক্ষর (ব্রহ্ম) হইতেও যিনি শ্রেষ্ঠ, তিনি পরব্রহ্ম' প্রধানসংজ্ঞক ব্রহ্মই আমার গর্ডাধানের যোনিস্বরূপ'' (গীতা ১৪।৩) "আমার মায়া ত্রতিক্রমা (গীতা ৭।১৪) প্রকৃতি এবং পুরুষ উভয়কেই অনাদি বলিয়া জানিবে" (গীতা ২০৷১৯) ইত্যাদি শ্রুতি ও স্থৃতিশান্তের সহিত বিরোধ উপস্থিত হয়। মিথ্যা বস্তু কথনও 'অক্ষর', 'গ্রুব' প্রভৃতি শব্দের বাচ্য হইতে পারেনা। দ্বিতীয় পক্ষটী অর্থাৎ যে বস্তু

সত্তাকাভাবাভূতপগম্ব "বিকার জননীমজ্ঞাম্" "নিত্যং সতত বিক্রিয়ম্" ইত্যাদিভিরস্তাঃ সবিকার মেন সততপরিণামমেন চৈকরপাভাবার ব্রহ্মসমান-সন্তাকত্বম্। অত এবেয়মন্তাদিপদৈরপচর্য্যতে তৎ-কার্য্যাণ্যনিত্যকেনাবির্ভাব-তিরোভাবধর্মকত্ব সাম্যাৎ স্বপ্ন-প্রপঞ্চ-মুগতৃষ্ণা-তোয়াদিবদসন্মিথ্যাদিপদৈ-রূপ-চারতো ব্যপদিশ্যন্তে বৈরাগ্যজননার্থম্। বচ্চো-পলভ্যমানত্ব-বিনাশিত্বাভ্যাং সদসদনির্বহচনীয়-গ্রেন কার্য্যস্থ মুষাত্বমিতি তদসৎ উপলব্ধি বিনাশ-যোগো হি ন মিথ্যাত্বং সাধ্যতি কিন্তুনিত্যত্বম্। যদেশকালসন্বন্ধিতয়োপলভ্যতে নোপলভ্যতে চ তদ-

স্থিরসভাবিশিষ্ট নংহ, স্বিকার বৃলিয়া ভাগ ব্রস্কোর উহাই 'অপরমার্থ' শক্কের অর্থ ইহা সঙ্গত হইতে পারে কারণ—"তিনি (মায়া) সমস্ত জাগতিক বিকারসমূহের এবং অচেতনা" "তিনি নিত্যা বিকারবিশিষ্টা" প্রভৃতি শাস্ত্রবাক্য বারা বিকার এবং সর্বাদা পরিণামবশতঃ ব্রক্ষের ভার স্থির সত্তা নাই, ইহা প্রতিপাদিত হইয়াছে এবং পূর্ব্বোক্ত সতত বিক্রিয়াদি কারণবশতঃই উহাকে গৌণভাবে অনৃত (মিথ্যা) প্রভৃতি শব্দের দ্বারা উল্লেখ করা হইয়া থাকে। পৃথিবী প্রভৃতি মায়ার কার্য্যসকলও আবির্ভাব এবং তিরোভাব ধর্মাবশিষ্ট বলিয়া স্বপ্নপ্রপঞ্চ, (স্বপ্নে ষে সমস্ত বস্তু দেখা যায়) ও স্রীচিকায় বারিবুদ্ধি প্রভৃতির আয় অসৎ, মিখ্যা ইত্যাদি শব্দের দারা গৌণভাবে কথিত হইয়া থাকে। বাস্তবিকপক্ষে লোকের সংসারে বৈরাগ্য জনাইবার জন্মই এরপ বলা হয়। তুমি যে বলিয়াছ, জাগতিক কার্য্য সকলের একবার উপলন্ধি হইতেছে আবার তাহার নাশ হইতেছে—এইজন্ম সং কিম্বা অসংরূপে নিষ্কারণ-যোগ্য নহে বলিয়া মিথ্যা, ইহা সঙ্গত নহে—কারণ উপলব্ধি ও বিনাশ ধারা বস্তুর অনিত্যতা নিশ্বারিত হয়, মিথাাত নিশীত হয় না।

যাহা দেশু ও কালের সম্বন্ধবশতঃ কোন স্থানে, কোন সময়ে উপলব্ধ হয় এবং কোন স্থানে কথন্ও উপলব্ধ হয় না, উহাই অনিত্য—ইহা বলবান্ বাক্যদারা প্রতিপাদিত হইয়াছে। 'যেমন—(বিঃ পুঃ ২।১৪।২৪-২৫) নিত্যত্বং প্রবলবাকৈঃ, "অনাশী পরমার্থন্চ প্রাক্তিন রভ্যুপগম্যতে তন্তু নাশি ন সন্দেহো নাশিদ্রব্যোপ-পাদিত্র্য্ যতু, কালান্তরেণাপি নাল্যসংজ্ঞামুপৈতি বৈ । পরিণামাদিসভূতাং তদ্ বস্তু নৃপ(বিঃ পুঃ ২।১৪-২৪।২৫)তচ্চ কিম্" অন্তবন্ত ইমে দেহা",(গীঃ ২।১৮) "অবিনাশী তু তদ্বিকি" (গীঃ ২'১৭) "আল্লন্তবন্তং কোন্তেয়! ন তেয়ু রমতে বুধঃ"(গীঃ ৫।২২), আগমা-পায়িনোহনিত্যাং(গীঃ ২।১৪), অনিত্যমন্ত্র্যং লোক্রম" একাদশেচ (ভাঃ ১৯।২৮।৯) "প্রত্যক্ষণানুমানেন নিগমেনাত্মসংবিদা। আল্লন্তবদসজ্জাত্ব্ নিঃসঙ্গো-বিচরেদিহ"; "তদেতৎক্ষয়মনিত্যং জগৎ" তে। এব

স্বর্গাদিরপ ফল—বিনাশশীল; যেহেতু উহা ঘত, কুশ, সমিধাদি বিনাশশীল উপকরণ দ্বারা অনুষ্ঠিত্যজ্ঞাদি হুইতে জিন্মা থাকে। পণ্ডিতগণ অবিনাশী বস্তুকেই পরমার্থ বিশ্বুয়া থাকেন। হে রাজন, যাহা কালাস্তরে ও শরিণামাদি ক্রিয়া জন্য অন্য নাম প্রাপ্ত না হয়, এমন বস্তু কি আছে তাহা বল"

"এই শরীরের শেষ আছে (গীতা ২০১৮) তা**হাকেই** বিনাশশ্ন্য বৃলিয়া স্থানিবে" আত্মাকে (গীতা ২০১৭) "হে অৰ্জ্কন, এ সমস্ত আদি এবং এবং অন্তবিশিষ্ট অনিত্য স্থথে পণ্ডিতগণ এ জন্ম আসক্ত হন না'' (গীতা ৫।২২) "ইহারা (ইক্রিয়র্জ্তি ও বিষয়াহভব) উৎপত্তি ও বিনাশশীল, অনিত্য (গীতা ২١১৪) "এই লোক (জগৎ) অনিত্য ও জঃথকর শ্রীমদ্ভাগবতে একাদশ স্বন্ধেও 'প্রেত্যক্ষ্, অমুমান, নিগম (বেদ) এবং আত্মজানদারা সংসারকে উৎপত্তিবিনাশ-শীল এবং অনিত্য জানিয়া আস্তিকরহিত হইয়া বিচরণ করিবে'' এই জগৎ গরিণামশীল ও অনিত্য' ও সমস্ত স্থলে উক্ত নিত্য ও অনিতা এই হুইটী শব্দ ব্যবহারের কারণ (গীতা ২০১৬ ক্লোকে) কথিত হইয়াছে যথা—অসৎ অর্থাৎ অনিত্য বস্তুর সত্তা পরিণামূশীল, কিন্তু নিত্য বস্তু পরিপামশীল নহে। অক্তথা স্বপ্নপ্রপঞ্চাদির ক্রায় বস্তুত মিথাা বলিলে পূর্বাপর শাস্ত্র বাক্য বিরোধ এবং প্রত্যক্ষাদ্যি প্রমাণের সঙ্গে বিরোধ ঘটিয়া থাকে।

নিত্যানিতো ''নাসতো বিদ্যুতে ভাবঃ (গীঃ ২।১৬)
ইত্যত্র ধ্বন্ধান্তব্যপদেশহেতুঃ অন্যথা পূর্ববাপরবিরোধঃ
প্রত্যক্ষাদিবিরোধশ্চন প্রত্যক্ষং প্রপঞ্চসন্তাব গ্রাহকমিতি সূত্রকারোহপ্যাহ "নাভাব উপলক্ষেঃ ॥
(বঃ সূঃ ২।২।২৭)॥৬॥

"নম্বেকমেবাদিতীয়ং ব্রহ্মেতি" (ছাঃ ৬।২।১)
শ্রুতিঃ ক্ষুটতয়াহদিতীয়ন্ধ ব্রহ্মণো বদতি কথং তহি
বস্তুরসন্তাবে তৎসিদ্ধিঃ। উচাতে বস্তুরবিশিষ্ট স্থৈবাদিতীয়ন্ধং শ্রুতাভিপ্রায়ঃ। তথাহি, ইদং বিভক্তনামরূপ বহুত্বাবস্থং জগদপ্রে স্থাইঃ প্রাগেকয়েবাবিভক্তনাম-রূপক ত্রৈকলাবস্থাপরমেবাদিতীয়মধিষ্ঠানাস্তরশৃত্যঞ্ সদেবাসীদিত্যর্থঃ, "মূলমনাধার"মিত্যাদিভিরৈকার্থাৎ। সচ্ছকো বিশেষ্যভূত প্রমাত্মবাচকোহপি
কারণবিষয়্রসামর্থাৎ কারণদ্বোপয়িক-গুণ-বিশিষ্ট-

প্রাপঞ্জের অন্তিত্ব প্রমাণিত হইতেছে এইজনা ব্রহ্মস্ত্র-কারও বলিগাছেন,—(বাং সং ২।২।২৭) "যেহেতু জগতের উপলব্ধি হইতেছে, অতএব উহার অসম অর্থাৎ সভাব বলা যায় না॥" ৮॥

যদি বল—"একমাত্ৰ অধিভীয় ত্ৰহ্ম" (ছাঃ ৬।২।১) এই শ্রুতিষারা স্পষ্টভাবে ব্রহ্মের অধিতীয়ত্ব কথিত হইতেছে। অন্ত বস্তুর সূত্রা স্বীকার করিলে ঐ অদিতীয়ত্ত কিরূপে সিদ্ধ গ্য় **় তাহার উত্ত**র এই বে,—অ্সবস্ত অগাৎ স্থূল-স্**ন্ম** চিদ্চিদ্বিশিষ্ট ব্ৰশ্বের অধিতীয়ত্ব প্রতিপাদনই শ্রুতির ষ্ঠিপ্রায়। "সদেব সোমোদমগ্র আদীৎ" (ছাঃ ভাব।১) (এই জগুঃক্রাপ্তা এক অবিতীয় সদ্রণেই অবস্থিত ছিল)"—এই শ্রুতিবাক্ট্যের ইনং (এই) পদে নাম এবং রূপ্রারা বিভক্ত, 'নানা অবস্থানিশিষ্ট পরিদৃশ্রমান জগৎ; "অগ্র" পদে স্থাইর পূর্বে, "এক" পদে নামরূপ-বিভাগশৃত্য বলিয়া এক অবস্থা-"বিশিষ্ট ; অধিতীয়''পদে অগ্যঅধিষ্ঠানশ্য ব্ঝাইতেছে। অত এব সম্পূর্ণ ঞ্রতির অর্থ এই ষে—'এই নামরূপ বিভাগবিশিষ্ট নানা-গ্রস্থাপন, পরিদৃশ্যান জগৎ, স্ষ্টির পূর্বে নামরূপ-বিভাগশৃস্ত, এক অবস্থাপন্ন, অতা অনিষ্ঠানরহিত সদ্রূপেই অবস্থিত ছিল। কারণ এইরূপ অর্থ করিলেই "জগতের ঘিনি মূল, বিত্তিনি আধারশৃত্য" ইত্যাদি স্ববাল শ্রুতির সহিত অর্থের

প্রকৃতিকাল--শরীরক্ং পরমাজানমুপস্থাপয়তি। তথাচ, সদেবেত্যেবকারেণ নৈয়ায়িকাভি্মতমুৎপত্তেঃ প্রাণ্জগতোহসত্বং ব্যাবর্ত্তাতে। একমেবেণ্ডেবে-কারেণ ''বহুস্তামি"তি (ছাঃ ৬।২।৩) ৰক্ষ্যমাণ-কাৰ্য্যবহুত্বাবস্থা ব্যুদস্ততে। সর্ব্যসাং কারণ্বাদিনীনাং শ্রুতীনামেক-বাক্যাবশ্যস্তাবাৎ। তত্র "বিষ্ণুস্তদাসীদ্ধরিরেব নিঞ্চলঃ' "একো হ বৈ নারায়ণ আসীন্ন ব্রহ্মা নেশানো নেমে ভাবা-পৃথিবী ন নক্ষত্রাণি নাপো নাগ্নিন সোমো ন সূর্য্যঃ" "স একাকী ন রমতে" (রুহদাঃ ১।৪।৩) "তম্ম ধানান্তঃস্থলৈকা কলা দলেন্দ্রিয়াণী"ত্যারভ্য ञ्चवात्नाभितियमि "किः जमानीत्रित्वर किश्वद्वार्था আসীনা,লমনাধারমিমাঃ প্রজাঃ প্রজায়ন্তে দিব্যো দেব একো নারায়ণ" ইত্যাগ্রস্থসারাৎ "তদ্ধেদং তহ্যব্যাকৃত্মাসীতন্ত্রাম-রূপাভ্যাং ৰাত্ৰিয়ত"তি-

সামঞ্জ রক্ষিত হয়। সংশব্দ বিশেষ্যভূত অর্থাৎ জ্ঞান ও আনন্দ যাহার বিশেষ, সেই প্রমাত্মার বাচক হইলেও তিনি ক।র্য্যরূপ জগতের কারণ বলিয়া কারণতার উপযোগি অমুকৃদগুণযুক্ত প্রকৃতি এবং কালরূপ তাঁহার শরীরের সহিত তাঁহাকেই বুঝাইয়া থাকে অর্থাৎ প্রকৃতি ও কালরপ শরীরবিশিষ্ট প্রমাত্মারই বাচক হইয়া থাকে। নৈয়ায়িকগণ উৎপত্তির পূর্বে জগতের সন্ধাস্বীকার করেন না; কিন্তু ''দদেব" (দদ্রপেই অবস্থিত ছিল) এই শ্ৰুতিবাক্যে 'এব' (ই) শব্দের বারা তাঁগদের নিরাস করা হইয়াছে। "আমি বছ অবস্থা ধারণ করিব" (ছা: ৬/২/০.) ব্রক্ষের এইরূপ ইচ্ছাবশত: জগৎস্ষ্টির পরে কার্য্যরূপে বহু অবস্থাপর হটয়াছিলেন। . কিন্তু এন্থলে "একমেব" অবস্থাপন্নই ছিল) এই শ্রুতিবাক্যে এব (ই) শঙ্কের দারা সৃষ্টির পূর্বের তাদৃশ বহু অবস্থার নিষেধ করা হইয়াছে। ষে সমস্ত শ্রুতিতে জগতের কারণ বর্ণিত হইয়াছে— তাহাদের অবশ্রুই একরূপ অর্থ হওয়া উচিত। শ্রুতিতে—"দেই সময়ে বিষ্ণু অর্থাৎ সর্বব্যাপক নিষ্ণ (অংশহীন, পূর্ণ) হরিমাত্রই অবস্থিত ি লেন। "একমাত্র নারায়ণই বর্ত্তমান ছিলেন; ব্রহ্মা, শিব, স্বর্গ, মর্ত্ত, নক্ষত্র, নাম-রূপ-বাাকরণ-মাত্র-শ্রবণাচ্চায়মেব শ্রুত্যর্থঃ,
অন্যথা পরস্পের-ব্যাঘাত-প্রসঙ্গাৎ। উপদিষ্টকৈতচ্ছাভাভিপ্রায়ং ভাগবতৈকাদণে (১১।৯।১৬-১৮)—
"একো নারায়ণো দেবঃ পূর্ববস্থাং স্বমায়য়।
সংহত্য কালকলয়া কল্লাস্ত ইদমীশরঃ॥
একমেবাদিতীয়োহভূদাত্মাধারোহখিলাশ্রায়।
কালেনাত্মান্মভাবেন-সামাং নীতাস্থ শক্তিষু॥
সন্তাদিষাদিপুরুষঃ প্রধান-পুরুষেশরঃ।
পরাবরাণাং পরম আত্তে কৈবলাসংজ্ঞিতঃ॥"

ইত্যত্রাখিলাশ্ররে সত্যেবাদ্বিতীয়ত্ব-নির্দেশেন বিশিষ্টস্যৈবাদ্বিতীয়ত্বং স্ফুটতয়া সিদ্ধম্। বারাহে চ "ময়োব সকলং জাতং ময়ি সর্ববং প্রতিষ্ঠিতং।

জল, অগ্নি, চন্দ্ৰ, সূৰ্য্য কিছুই ছিলেন না", "তিনি একাকী র্মণ করিতে পারিতেছিলেন না (রুহদাঃ ১:৪।৩); তথন তিনি ধ্যানমগ্ন হইলেএক কন্তা ও দশ ই ক্রিয় উৎপন্ন হইল"। স্থবাল উপনিষদে ইহা হইতে আরম্ভ করিয়া "সে সময়ে কি বর্ত্তমান ছিল ? স্বাষ্টর পূর্বে এখানে কিছুই ছিল না--ধিনি জগতের মূল, ভিনি আধাররহিত, সেই দিব্য একমাত্র দেব নাৰায়ণ—ভাষা চইতে সমস্ত প্ৰজা স্বষ্ট হইয়াছে" ইত্যাদি বর্ণনা রহিয়াছে। "এই জগৎ সে সময়ে অবিভক্ত অবস্থায় ছিল, পরে নাম ও রূপ্দারা ইহাকে বিভক্ত করিয়াছেন (ছা ৬৷৩৷২) এই শ্রুতিবারাও পূর্বে অন্তিত্ববিশিষ্ট জগতেরই পরে নামরূপ বিভাগমাত্র অবগত হওয়া যাইতেছে। অতএন ''এই জগৎ অগ্রে এক অদ্বিতীয় সদ্রূপেই অবস্থিত, ছিল'' এই শ্রুতির যাহা ব্যাপ্যা করা হইয়াছে, তাহাই যথার্থ; তাহা না হইলে শ্রুতিসকলের পরস্পারের মধ্যে অর্থ-ব্যাঘাত-দোষ উপস্থিত হয়। এই শ্রুতির তাৎপৰ্য্য ভাগনতে একাদশক্ষমেও (১১৷৯৷ ১৬-১৮)বৰ্ণিত হই-য়াছে যে—"প্রলয়কালে ঈশ্বর নিজ-মায়াজারা পূর্ববিরচিত এই জগৎকে নিজকালশক্তি-দারা সংহার-পূর্বক অন্বিতীয় আত্মাধার অখিল জগতের আশ্রয় নারায়ণ্রপে অবস্থান করিতেচিলেন, তদীয় সন্ধাদি শক্তিসকল তথন নিজ কালশক্তি বশতঃ সামাভাব অবলম্বন করিয়াছিল। তথন প্রধান ও পুরুষের (প্রকৃতি ও জীবের) অধিপতি,

ময়ি সর্ববং লয়ং যাতি তদ্ত্রক্ষাদ্বয়মস্মাহম্॥" খেতাশ্বতরোপনিষদি চ মন্ত্রাভিমানিভির্দেবৈরণি সূক্ষা-চিদচিদ্বিশিষ্টস্থৈব প্রমাত্মনঃ প্রমকারণহং নির্ণীতম্॥ ওঁ ব্রহ্মবাদিনো বদস্তি—

> কিং কারণং ব্রহ্ম কুতঃ স্ম জাতা জীবাম কেন ক চ সংপ্রতিষ্ঠাঃ। অধিষ্ঠিতাঃ কেন স্থেতরেষ্ বর্ত্তামহে ব্রহ্মবিদো ব্যবস্থাম্॥ কালঃ স্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ পুরুষেতি চিন্ত্যম্। সংযোগ এষাং ন স্বাত্মাত্মভাবা-দাত্মাপ্যনীশঃ স্থ্যতুঃখহেতোঃ॥

উত্তমাধ্য সকলের শ্রেষ্ঠ, আদিপুরুষ "কেবল'' সংজ্ঞায় অভিহিত হইয়া অনস্থান করিতেছিলেন।'' এ স্থলে দুকশের আশ্রম্বরূপ ভগৰানকেই 'অদ্বিতীয়' পদ্বারা নির্দেশ, করায় বিশিষ্ট অর্থাৎ স্থল স্থা চিদ্চিদ্ বিশিষ্ট ব্রেক্সেরই অন্তর্মত্ব স্পাষ্ট-ভাবে প্রতিপাদিত হইল। বরাহপুরাণের—"আমা হইতেই সমস্ত জাত, আমাতেই প্রতিষ্ঠিত এবং আমাতেই লীন হইয়া থাকে। আমি সেই অ**দ্বিতীয় ব্রহ্মস্বর**প্'' এই বচন দারা এবং শ্বেতাশ্বতর উপনিষদে মন্ত্রাভিমানী দেবগণের উক্তিশারাও স্থল-স্ক্র-চিদ্চিদ্বিশিষ্ট প্রমাত্মাই জগতের মূল কাৰ্ণ—ইহা নিৰ্ণীত হইয়াছে। ব্ৰহ্মবাদিগণ বিচাৰ করিয়া থাকেন যে—"এই জগতের কারণ কি, ব্রহ্ম না काला नि ? ' आंगता दकान् कात्र इहेर्ड, उँ९१ न इहेशा हि, কাহার অনুগ্রহে জীবন ধারণ করিতেছি, প্রশন্নকা<u>লে স্</u>যুদ্ধা-দের স্থিতি কোথায় এবং কোন্ নিয়ামক পুরুষকর্তৃক নিয়মিত হইরা স্থ ত্রংখে—ব্যবস্থারুসারে সনুবর্ত্তন কবিয়া থাকি। নিয়তি (পুণাপাপলক্ষণ স্বভাব, অদৃষ্ট), যদৃজা আকলিকী প্রাপ্তি), আকাশাদি ভূত-সকল, কিন্তা আত্মাই আনাদের কারণ তাহা বিচার করা উচিত। ইহাদের (কাল প্রভৃতির) সংযোগ কারণ নতে; যেহেতু, আত্মা চেতন পদার্থ, কালাদি অচেতন পদার্থ, তাহার কারণ হইতে পারে না। জীবকেও কারণ বলা চলে না-কারণ জীব স্থাত্ব:খের হেতৃ-ক্রের অ্ধীন।

তে ধ্যানযোগামুগতা অপশ্যন্ ধদবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়াম্। যঃ কারণানি নিখিলানি তানি কালাত্মযুক্তান্যধিতিষ্ঠত্যেকঃ॥

(শ্বেতাশঃ ১৷১৷১-৩)

বেদান্ত-সূত্রকারোহপি স্ববোগমহিন্দেদমেব নিশ্চিতমিত্যাহ শীভাগবতে (ভাঃ ১া৭।৪-৬)—

"ভক্তিযোগেন মনসি সম্যক্ প্রণিহিতেহমলে।
অপশ্যৎ পুরুষং পূর্ণং মায়াঞ্চ তদপাশ্রয়ম্।
যয়া সম্মেহিতো জীব আত্মানং ত্রিগুণান্তকম্॥
পরোহপি মমুতেহনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে॥
অনুর্যোপন্মং সাক্ষাদ্ ভক্তিযোগমধোক্ষকে।
লোকস্যাজানতো ব্যাসশ্চক্রে সাত্ত-সংহিতাম্।
কিঞ্চ 'অগ্র' ইত্যনেন যদি প্রলয়কালো বিবক্ষিতঃ
তদা তু "অক্ষরং তমসি লীয়তে তমঃ পরে দেবে
একীভব্রি।"—

